# কোটচাঁদপুর পৌরসভা কার্যালয়

কোটচাঁদপুর,ঝিনাইদহ।

স্থাপিত: ১৮৮৩ খ্রি:

ফোন-০২৪৭৭৭৪৯০৮৪ e-mail:mayor.kcp@gmail.com web:pourashava.kotchandpur.jhenaidah.gov.bd


স্মারক নং-কোপৌ/৯-১০৫/২০২৬/৫০ — তারিখ: ০২.০২.২০২৬ খ্রীঃ

## বাংলা ১৪৩৩ সনের জন্য হাট বাজার,বাস টার্মিনাল ইজারা বিজ্ঞপ্তি

কোটচাঁদপুর পৌরসভাধীন নিম্ন বর্ণিত হাট বাজার, বাস টার্মিনাল সমূহ বাংলা ১৪৩৩ সনের ১ লা বৈশাখ হইতে ৩০শে চৈত্র ১৪৩৩ পর্যন্ত সময়ের জন্য ইজারা প্রদান করা হবে। ইজারা প্রদানের নিমিত্তে আগ্রহী ইজারাদার/ ব্যক্তিবর্গ/ প্রতিষ্ঠানের নিকট হইতে পৌরসভা কর্তৃক নির্ধারিত দরপত্র দলিল সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হইতে জানা ও পাওয়া যাইবে।

**হাট বাজার,বাস টার্মিনালের বিবরণ:-**

| ক্র: | হাটবাজারের নাম | সরকারী মূল্য | জামানত | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ০১। | সাধারণ হাট বাজার | ৪৯,০৯,০০০.০০ | দাখিলকৃত দরের ৩০% | ১০,৬০০.০০ |
| ০২। | কোটচাঁদপুর পশু হাট | ১,০৭,০০০.০০ | দাখিলকৃত দরের ৩০% | ১,০০০.০০ |
| ০৩। | আম বাজার ও সকল ফল | ২৫,৭৬,০০০.০০ | দাখিলকৃত দরের ৩০% | ৫,৮০০.০০ |
| ০৪। | চৌগাছা ষ্ট্যান্ড টার্মিনাল | ৯৩,৫০০.০০ | দাখিলকৃত দরের ৩০% | ৫০০.০০ |
| ০৫। | রেলস্টেশন সংলগ্ন বাজার | ১,৬৮,০০০.০০ | দাখিলকৃত দরের ৩০% | ১,০০০.০০ |
| ০৬। | কোটচাঁদপুর পৌর বাস টার্মিনাল | ২,১৬,০০০.০০ | দাখিলকৃত দরের ৩০% | ১২০০.০০ |

**দরপত্র বিক্রয়, দরপত্র জমা, দরপত্র খোলার স্থান:-**

| দরপত্র বিক্রয়ের স্থানসমূহ | দরপত্র জমার স্থানসমূহ | দরপত্র খোলার স্থানসমূহ |
|---|---|---|
| ১) জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), ঝিনাইদহ,২) পুলিশ সুপারের কার্যালয়, ঝিনাইদহ, ৩) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কোটচাঁদপুর, ৪) সহকারী কমিশনার (ভূমি) কার্যালয়, কোটচাঁদপুর, ৫) ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, কোটচাঁদপুর শাখা, ৬) কোটচাঁদপুর পৌরসভা কার্যালয়, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | ১) জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), ঝিনাইদহ, ২) পুলিশ সুপারের কার্যালয়, ঝিনাইদহ, ৩) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কোটচাঁদপুর, ৪) সহকারী কমিশনার (ভূমি) কার্যালয়, কোটচাঁদপুর, ৫) কোটচাঁদপুর পৌরসভা কার্যালয়, কোটচাঁদপুর, ঝিনাইদহ। | ১) কোটচাঁদপুর পৌরসভা কার্যালয়, কোটচাঁদপুর, ঝিনাইদহ। |

**দরপত্র বিক্রয়, দাখিল, দরপত্র খোলার শেষ তারিখ ও সময়:-**

| দরপত্র | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ |
| ১ম পর্যায় | ২৫/০২/২০২৬ ইং বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত | ২৬/০২/২০২৬ ইং দুপুর ০১:০০ ঘটিকা পর্যন্ত | ২৬/০২/২০২৬ ইং ০৩:০০ ঘটিকা। |
| ২য় পর্যায় | ১১/০৩/২০২৬ ইং বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত | ১২/০৩/২০২৬ ইং দুপুর ০১:০০ ঘটিকা পর্যন্ত | ১২/০৩/২০২৬ ইং ০৩:০০ ঘটিকা। |
| ৩য় পর্যায় | ২৪/০৩/২০২৬ ইং বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত | ২৫/০৩/২০২৬ ইং দুপুর ০১:০০ ঘটিকা পর্যন্ত | ২৫/০৩/২০২৬ ইং ০৩:০০ ঘটিকা। |

উপরোক্ত ছক মোতাবেক দরপত্র সিডিউল ক্রয় ও দাখিল করতে হবে। আহবান করা যাচ্ছে ১ম পর্যায়ে দাখিলকৃত দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক বিবেচনায় সন্তোষজনক বিবেচিত না হলে ছকে উল্লেখিত ২য় পর্যায়ে দরপত্র দাখিলের সুযোগ থাকবে, ২য় পর্যায়ে দাখিলকৃত দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক বিবেচনায় সন্তোষজনক বিবেচিত না হলে ৩য় পর্যায়ে দরপত্র দাখিলের সুযোগ থাকবে। বিস্তারিত তথ্যাবলী অফিস চলাকালীন সময়ে পৌরসভার সাধারণ শাখা হতে জানা যাবে।

**বাংলা ১৪৩৩ সালের হাট বাজার,বাস টার্মিনাল ইজারার শর্তসমূহ:-**

১। বাংলা ১৪৩৩ সনের ১ লা বৈশাখ হইতে ১৪৩৩ সনের ৩০শে চৈত্র ১(এক) বৎসর মেয়াদ কালের জন্য হাট-বাজার ইজারা প্রদান করা হইবে।

২। দরপত্রের সহিত দাখিলকৃত মূল্যের শতকরা ৩০% (ত্রিশ শতাংশ) অর্থ জামানত বাবদ প্রশাসক, কোটচাঁদপুর পৌরসভা অনুকূলে যে কোন তপশীল ব্যাংক হইতে বিডি/পে-অর্ডারের এর মাধ্যমে দাখিল করিতে হইবে। উক্ত টাকা হইতে ২০% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ১০% অর্থ জামানত হিসাবে জমা থাকিবে।

৩। হাট-বাজার ইজারা গ্রহনের জন্য দরদাতার দরপত্র অনুমোদিত হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে ইজারা মূল্যের অবশিষ্ট ৮০% অর্থ প্রশাসক, কোটচাঁদপুর পৌরসভা অনুকূলে জমা প্রদান এবং ১০% আয়কর ও ১৫% মূল্য সংযোজন কর সংশ্লিষ্ট সরকারি খাতে অবশ্যই জমা দিয়া চালান পৌরসভায় দাখিল করিতে হইবে। অন্যথায় জামানত বাজেয়াপ্তসহ দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৪। সর্বোচ্চ দরপত্র দাতার দর গ্রহণ করা হইবে, তবে দাখিলকৃত দর যদি সম্ভাব্য মূল্যের কম হয় তবে পুনরায় দরপত্র আহবান করা হইবে।

৫। দরপত্রের উল্লেখ্য লিখনে কোনরুপ কাটাকাটি বা পুনঃলিখন হইলে এবং তাহাতে সংক্ষিপ্ত স্বাক্ষর না থাকিলে দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৬। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০(তিনশত) টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।

৭। হাটবাজার ইজারা সম্পর্কে পৌরসভা কর্তৃক গৃহীত সিদ্ধান্তের বিরুদ্ধে কোনো আপত্তি থাকিলে দরপত্র অনুমোদনের ৭ (সাত) দিনের মধ্যে বিভাগীয় কমিশনার ও খুলনার নিকট এবং বিভাগীয় কমিশনার খুলনার সিদ্ধান্তের বিরুদ্ধে কোনো আপত্তি থাকলে সিদ্ধান্ত প্রদানের ৭ (সাত) দিনের মধ্যে স্থানীয় সরকার বিভাগের নিকট আপত্তি দাখিল করিতে হইবে। স্থানীয় সরকার বিভাগের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৮। সরকার কর্তৃক অনুমোদিত হার অনুযায়ী বিভিন্ন দ্রব্যের উপর টোল আদায় করিতে হইবে।

৯। ইজারাদারকে তার নিজ খরচে রেট তালিকা হাট-বাজারের বিভিন্ন স্থানে টাংগাইয়া দিতে হইবে।

১০। ইজারাদার কোনক্রমেই ইজারা প্রাপ্ত হাট-বাজার অন্যের নিকট উপ-ইজারা দিতে পারিবে না।

১১। দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে এবং দরপত্র খামের উপর হাট-বাজারের নাম ও দরপত্র দাতার নাম এবং ঠিকানা স্পষ্ট ভাবে লিখিত হইবে।

১২। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি,লেখার উপরে লেখা দরপত্র গ্রহনযোগ্য হইবে না।

১৩। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৪। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখিবেন।

১৫। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষন করিবেন।

১৬। হাটবাজার ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হইবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা হইবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যাতিরেকে যে কোন দরপত্র গ্রহন বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

এনামুল হাসান
প্রশাসক
কোটচাঁদপুর পৌরসভা, ঝিনাইদহ।

স্মারক নং-কোপৌ/৯-১০৫/২০২৬/৫০ তারিখ: ০২.০২.২০২৬ খ্রীঃ

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরন করা হইল-

১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।

২। জেলা প্রশাসক, ঝিনাইদহ।

৩। পুলিশ সুপার, ঝিনাইদহ।

৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঝিনাইদহ।

৫-৯। প্রশাসক, ঝিনাইদহ/কালিগঞ্জ/মহেশপুর/শৈলকুপা/হরিনাকুন্ডু পৌরসভা, ঝিনাইদহ।

১০-১৫। উপজেলা নির্বাহী অফিসার, কোটচাঁদপুর/মহেশপুর/কালিগঞ্জ/ঝিনাইদহ/শৈলকুপা/হরিনাকুন্ডু উপজেলা।

১৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কোটচাঁদপুর।

১৭-২৮। জনাব/জনাবা.................................................................................সদস্য(সকল) পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদানের জন্য গঠিত কমিটি, কোটচাঁদপুর পৌরসভা।

২৯। সহকারী কমিশনার (ভূমি) কোটচাঁদপুর, ঝিনাইদহ।

৩০। সহকারী মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক, কোটচাঁদপুর শাখা।

৩১। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, কোটচাঁদপুর শাখা।

৩২। অফিসার্স ইনচার্জ, কোটচাঁদপুর থানা।

৩৩। সাব-রেজিষ্টার, কোটচাঁদপুর।

৩৪। উপজেলা পোষ্ট মাষ্টার, কোটচাঁদপুর।

৩৫। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব কোটচাঁদপুর, ঝিনাইদহ।

৩৬। সম্পাদক,.................................................... । উপরোক্ত বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় (৫x৩) কলামে আগামী ০৫.০২.২০২৬ খ্রী তারিখের মধ্যে এক দিনের জন্য প্রতি কপিতে প্রচার করার জন্য অনুরোধ করা হল।

৩৭। জনাব ........................................................................................................... ইজারাদার কোটচাঁদপুর, ঝিনাইদহ।

৩৮। অফিস কপি।

০২/০২/২০২৬

এনামুল হাসান
প্রশাসক
কোটচাঁদপুর পৌরসভা, ঝিনাইদহ।